# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ২. ঈশ্বর কি তার নিখুঁত বিধানে স্থির?

আমেরিকান বাইবেল সমালোচক গ্যারি ডেভানি (Gary DeVaney) ‘ঈশ্বরের নিখুঁত বিধান’ (God's Perfect Laws) শিরোনামে এক অনলাইন আর্টিকেলে এ প্রসঙ্গে লেখেছেন[1]:

বাইবেলের ঈশ্বর কি ভাল ও নিখুঁত? ঈশ্বর কি মানবজাতিকে  পালনের জন্য নিখুঁত বিধান দিয়েছেন? অপরিবর্তনশীল ও কর্তৃত্বময় ঈশ্বর কি তাঁর নিজের বিধানে স্থির থাকেন? আসুন আমরা বাইবেল দ্বারা প্রমাণিত একটা বিধান পরীক্ষা করি:

দ্বিতীয় বিবরণ ২৪/১৬: ‘‘ছেলেমেয়েদের গুনাহের জন্য বাবাকে কিংবা বাবার গুনাহের জন্য ছেলেমেয়েদেরকে হত্যা করা চলবে না। প্রত্যেককেই তার নিজের গুনাহের জন্য মরতে হবে।’’ আমার মূল্যবোধ ব্যবস্থায় এ বিধানটা ন্যায়নিষ্ঠ ও সুন্দর বলে প্রতীয়মান। আপনি কী মনে করেন?

যিরমিয়/ ইয়ারমিয়া ৩১/৩০: ‘‘প্রত্যেকে নিজের গুনাহের জন্যই মরবে।’’ এ বিধানটাও ন্যায়নিষ্ঠ ও সুন্দর। যিহিষ্কেল/ ইহিস্কেল ১৮/২০: ‘‘ যে গুনাহ করবে সে-ই মরবে। ছেলে বাবার দোষের জন্য শাস্তি পাবে না আর বাবাও ছেলের দোষের জন্য শাস্তি পাবে না।’’ ঈশ্বর, খুব ভাল কথা বললেন আপনি। আমি স্বীকার করছি যে, এ বিধানগুলো ন্যায়নিষ্ঠ ও সুন্দর। কিন্তু বাইবেলীয় ঈশ্বর কি সত্যই ন্যায়নিষ্ঠ ও সুন্দর বলে প্রমাণিত? ঈশ্বর কি সত্যই নিজের এ প্রমাণিত বিধানগুলোকে সম্মান করেছেন এবং এগুলোতে স্থির থেকেছেন? লক্ষ্য করুন:

যাত্রাপুস্তক ২০/৫, গণনাপুস্তক ১৪/১৮ এবং দ্বিতীয় বিবরণ ৫/৯ সবগুলোতেই ঈশ্বর বলছেন: ‘‘আমি একজন ঈর্ষান্বিত ঈশ্বর (jealous God, কেরি: স্বগৌরব রক্ষণে উদযোগী ঈশ্বর) আমি পিতৃগণের অপরাধের প্রতিফল সন্তানদিগের উপর বর্তাই, যাহারা আমাকে দ্বেষ করে, তাহাদের তৃতীয় চতুর্থ পুরুষ পর্যন্ত বর্তাই।’’ যাত্রাপুস্তক ৩৪/৭: ‘‘তিনি পিতার অন্যায়ের শাস্তি বংশের তিন-চার পুরুষ পর্যন্ত দিয়ে থাকেন।’’

বাইবেল কী বলল? বাইবেলের এ বিরক্তিকর বক্তব্যটার চেয়ে অধিক পরিষ্কার ও সহজবোধ্য কথা তেমন হয় না। আর ভাল ও মন্দের বিষয়ে আমার জ্ঞান বলে যে, এ বিধানটা ন্যায়নিষ্ঠ ও সুন্দর নয়। পাঠক, আপনার কি সাহস আছে এ বিধানটাকে ন্যায়নিষ্ঠ এবং সুন্দর বলে দাবি করার? .....

এরপর গ্যারি একের অপরাধে অন্যের শাস্তির কিছু নমুনা উল্লেখ করেছেন।

### ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id191.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14252

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন